



তথ্য বিবরণী

নম্বর : ১৫

শোকাবহ আগস্টের প্রথম দিবসে মোমবাতি প্রজ্জ্বলন এবং বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের শহীদের আত্মার মাগফিরাত কামনায় দোয়া মাহফিল

রাজশাহী ; ১৭ শ্রাবণ (০১ আগস্ট) :

শোকাবহ আগস্টের প্রথম দিবসে রাজশাহী মহানগর আওয়ামী লীগের উদ্যোগে আজ সোমবার সন্ধ্যায় নগরীর জয় বাংলা চত্বর থেকে মোমবাতি প্রজ্জ্বলন করে একটি আলোর মিছিল বের হয়। আলোর মিছিলটি নগরীর গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে কুমারপাড়া দলীয় কার্যালয়ে এসে শেষ হয়। রাত আটটায় দলীয় কার্যালয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ তাঁর পরিবারের সকল শহীদের আত্মার মাগফিরাত কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে রাজশাহী সিটি কর্পোরেশনের (রাসিক) মেয়র এ.এইচ.এম খায়রুজ্জামান লিটন প্রধান অতিথির বক্তব্য রাখেন।

মেয়র বলেন, বাঙালি জাতি এক হাজার বছর ধরে শাসিত-শোষিত হয়েছিল। ভীতু বাঙালি জাতিকে সাহসী জাতি হিসেবে গড়ে তোলেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। বাঙালিদের হাতে অস্ত্র তুলে নিতে সাহস দেন, স্বাধীনতা সংগ্রামের জন্য তৈরি করেন বঙ্গবন্ধু। বঙ্গবন্ধুর নেতৃত্বে আমরা অর্জন করি মহান স্বাধীনতা।

খায়রুজ্জামান লিটন আরও বলেন, আর সকল রাষ্ট্রনায়কদের থেকে বঙ্গবন্ধু আলাদা। বঙ্গবন্ধুকে আলাদা মর্যাদায় সারাবিশ্বই দেখে, আমাদের আরও বেশি করে দেখা উচিত। যারা এখনো বাংলাদেশে জনগ্রহণ করে বঙ্গবন্ধুকে অস্বীকার করে, আমাদের একান্তরের স্বাধীনতা সংগ্রামকে অস্বীকার করে তারা কুলাঙ্গার। তাদের সম্পর্কে ধিক্কার জানানো ছাড়া কিছু আর বলা যায় না।

রাসিক মেয়র বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঋণ আমরা কখনো শোধ করা সম্ভব না। আমরা তাঁকে স্মরণ করে, তাঁকে অন্তরে লালন ও ধারণ করে তাঁর চিন্তা-চেতনাকে বাস্তবায়ন করতে আমাদের নেত্রী শেখ হাসিনার নেতৃত্বে চলতে চাই। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশকে উপরের দিকে নিয়ে যাচ্ছেন। আমরা তাঁর সহযোগী হয়ে কাজ করে যাচ্ছি। তিনি যেভাবে বলছেন, আমরা সেভাবে চলছি। তিনি বলেছেন, বিদ্যুৎ সশায় করতে হবে, আমরা রাস্তার লাইট কমিয়ে দিলাম। তিনি বলেছেন, জ্বালানী খরচ কম করতে হবে, এসি কম চালাতে হবে। আমরা তাই করছি। তিনি যেভাবে চাচ্ছেন আমরা সেভাবে চলবো। কারণ বঙ্গবন্ধুর রক্তের ও আদর্শের ধারক-বাহক হচ্ছেন শেখ হাসিনা, শেখ রেহানা। বঙ্গবন্ধুকে হত্যার পেছনে বা নেপথ্যে কারা কারা ছিল কমিশন গঠন করে সেটা খুঁজে বের করতে হবে।

অনুষ্ঠানে রাজশাহী মহানগর আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি বীর মুক্তিযোদ্ধা মোহাম্মদ আলী কামালের সভাপতিত্বে বক্তব্য রাখেন রাজশাহী মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ ডাবলু সরকার। এ সময় রাজশাহী মহানগর আওয়ামী লীগের দলীয় নেতৃবৃন্দসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ উপস্থিত ছিলেন।

তৌহিদ/সিকান্দার/রুহুল/হালিম/২০২২/২১.০০ঘ.